



## প্রেস বিজ্ঞপ্তি


তারিখ: ২২/১০/২০২৩

### BGD e-GOV CIRT এর আয়োজনে আয়োজনে আর্থিক প্রতিষ্ঠান ও CII সমূহের সাইবার ড্রিল ২০২৩ চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত।

বাংলাদেশ সরকারের জাতীয় কম্পিউটার ইনসিডেন্ট রেসপন্স টিম BGD e-GOV CIRT এর সার্বিক তত্ত্বাবধানে ২১ অক্টোবর ২০২৩ তারিখ (শনিবার) গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোসমূহ এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের অংশগ্রহণে Financial Institute & CIIs Cyber Drill 2023 এর চূড়ান্ত পর্ব Military Institute of Science and Technology (MIST) প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। দুইটি ধাপে আয়োজিত এই সাইবার ড্রিল এর প্রাথমিক বাছাই পর্ব গত ০৭ অক্টোবর ২০২৩ তারিখ অনলাইনে অনুষ্ঠিত হয়। প্রথম ধাপে ৬৪টি দল প্রতিযোগিতায় অংশগ্রহণ করে এবং এর মধ্য হতে শীর্ষস্থানীয় ৩০টি দল চূড়ান্ত পর্বে উন্নীত হয়। BGD e-GOV CIRT এর নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোসমূহ (CII) এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহে সাইবার সিকিউরিটির দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের সাইবার ইনসিডেন্ট হ্যান্ডলিং বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এই সাইবার ড্রিল আয়োজিত হয়।

উক্ত সাইবার ড্রিলে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকার করে যথাক্রমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক পিএলসি এবং প্রাইম ব্যাংক লিমিটেড। শীর্ষস্থান অর্জনকারী ৩টি প্রতিষ্ঠান ও টিমের নামের তালিকা নিম্নরূপ:

SL	Name of the Team	Name of the Organization
1	UCB	United Commercial Bank PLC
2	Team m0rt!s	First Security Islami Bank PLC
3	PBL Cyber Sentinel	Prime Bank Limited

  
(মোহাম্মদ সাইফুল আলম খান)  
প্রকল্প পরিচালক  
BGD e-GOV CIRT